

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪২, যিনি হাদীস লিখে রাখার পক্ষে মতামত প্রদান করেন না

بَابُ مَنْ لَمْ يَرَ كِتَابَةَ الْحَدِيثِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يُونُسَ، حَدَّثَنَا أَبُو زُبَيْدٍ، حَدَّثَنَا حُصَيْنٌ، عَنْ مُرَّةَ الْهَمْدَانِيِّ، قَالَ: جَاءَ أَبُو قُرَّةَ الْكِنْدِيُّ بِكِتَابٍ مِنَ الشَّامِ، فَحَمَلَهُ فَدَفَعَهُ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: جَاءَ أَبُو قُرَّةَ الْكِنْدِيُّ بِكِتَابٍ مِنَ الشَّامِ، فَحَمَلَهُ فَدَفَعَهُ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَنَظَرَ فِيهِ فَدَعَا بِطَسْتٍ، ثُمَّ دَعَا بِمَاءٍ فَمَرَسَهُ فِيهِ، وَقَالَ: «إِنَّمَا هَلَكَ مَنْ كَانَ قَلْكُمْ بِاتِبَاعِهِمُ الْكُتُبَ وَتَرْكِهِمْ كِتَابَهُمْ» قَالَ: حُصَيْنُ فَقَالَ مُرَّةُ: أَمَا إِنَّهُ لَوْ كَانَ مِنَ الْقُرْآنِ أَوِ السُّنَّةِ لَمْ يَمْحُهُ، وَلَكِنْ كَانَ مِنْ كُتُبِ أَهْلِ الْكِتَابِ

إسناده صحيح

বাংলা

8৯৪. মুররাহ আল হামদানী বলেন, আবু মুররাহ আল কিনদী শাম হতে একটি কিতাব নিয়ে আসলেন। এরপর সেটি নিয়ে আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুকে দিলেন। তিনি এর দিকে তাকিয়ে একটি থালা (ট্রে) এবং পানি আনালেন এবং একে তাতে ডুবিয়ে হাত দিয়ে ডলতে লাগলেন আর বললেন: তোমাদের পূর্ববর্তীগণ নিশ্চয় ধ্বংস হয়েছে তাদের প্রতি প্রেরিত কিতাব (তাওরাত) কে পরিত্যাগ করে (তাদের লিখিত) অন্যান্য কিতাবের অনুসরণ করার কারণে।[1]

হুসাইন (বর্ণনাকারী) বলেন: এরপর মুররাহ বললেন: জেনে রাখো! যদি সেটি কুরআন কিংবা সুন্নাহ (বা হাদীস)-এর অংশ বিশেষ হতো, তবে তিনি অবশ্যই তা মুছে দিতেন না। কিন্তু সেটি ছিল মূলত: আহলে কিতাবদের কিতাবসমূহের অংশবিশেষ।

ফুটনোট

[1] তাহকীক্ক: এর সনদ সহীহ।



তাখরীজ: খতীব, তারুয়ীদুল ইলম, পৃ: ৫৩; আরো দেখুন, ইবনু আবী শাইবা ৯/১৭ নং ৬৩৫৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন